

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্ষবাজার
সাধারণ শাখা
www.coxsbazar.gov.bd

নম্বর: ০৫.২০.২২০০.১১০.০৮.০৫৫.২০২৩- ৬৬

তারিখ: ২৪ আগস্ট ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সূত্র: পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড এর নম্বর ২৭.২১.০০০০.৮২৭.১৪.০০১.২১.১৬০, তারিখ: ২৫.০৯.২০২৩ খ্রি.

গগবিঞ্চিষ্টি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) এর আওতাধীন "পাওয়ার গ্রিড নেটওয়ার্ক স্ট্রেইনিং প্রজেক্ট আন্ডার পিজিসিবি" শীর্ষক প্রকল্পের আওতায় বিদ্যমান "দোহাজারী-কক্ষবাজার ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন" থেকে নির্মাণাধীন "১৩২/৩৩ কেভি চকরিয়া গ্রিড উপকেন্দ্র" পর্যন্ত ফোর সার্কিট লাইন-ইন লাইন-আউট (LILO) সঞ্চালন লাইন এবং বিদ্যমান "মাতারবাড়ি-চকরিয়া ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট সঞ্চালন লাইনটি নির্মাণাধীন ১৩২/৩৩ কেভি চকরিয়া গ্রিড উপকেন্দ্র" পর্যন্ত সম্প্রসারণ/ নির্মাণ করা হবে। এতে সংশ্লিষ্ট এলাকার বিদ্যুৎ ব্যবস্থার প্রভৃতি উন্নতি সাধিত হবে যাতে করে নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে। লাইনসমূহের দৈর্ঘ্য যথাক্রমে ২ এবং ১.৫ কিলোমিটার।

০২। ২০১৮ সালের বিদ্যুৎ আইনে প্রদত্ত ক্ষমতাবলে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) এ ধরণের বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ করতে পারে। সঞ্চালন লাইনসমূহ কক্ষবাজার জেলার চকরিয়া উপজেলাধীন সাহারবিল ইউনিয়নের রামপুর মৌজা, চিরিংগা ইউনিয়নের পালাকাটা মৌজা এবং ডুলাহাজারা ইউনিয়নের রিংভাং মৌজা ও তৎসংলগ্ন এলাকার উপর দিয়ে নির্মাণ করা হবে। এই সময় সংশ্লিষ্ট এলাকার ফসলাদি (যদি থাকে), বৃক্ষরাজির কিছু ক্ষতি হতে পারে বিধায় সংশ্লিষ্ট সংস্থা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হারে ক্ষতিগ্রস্ত সকল মালিককে ফসলাদি ও বৃক্ষরাজির ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

০৩। এই প্রকল্প দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে অতীব জনগুরুত্বপূর্ণ। এই ধরণের প্রকল্পের কাজ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে সেজন্য সংশ্লিষ্ট এলাকার সকল জনসাধারণকে উক্ত উন্নয়ন কাজে সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০৪। বর্ণিত যে সমস্ত এলাকার উপর দিয়ে উক্ত বিদ্যুৎ সঞ্চালন লাইনসমূহ নির্মাণ করা হবে সে সমস্ত এলাকার উপজেলা নির্বাহী অফিসার, থানার অফিসার ইনচার্জ ও অন্য সকল কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বিক সাহায্য ও সহযোগিতা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০৫। এ প্রসঙ্গে সকলকে সতর্ক করে দেওয়া হলো যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজে যারা প্রতিবন্ধকতা সৃষ্টি করবে তাদের বিরুদ্ধে আইন মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। এই কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

০৭। ০৯.১০।২০২৩
মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
কক্ষবাজার
ফোন-০২৩৩৪৪৬২২০০
e-mail: dccoxtsbazar@mopa.gov.bd

নম্বর: ০৫.২০.২২০০.১১০.০৮.০৫৫.২০২৩- ৬

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০২। প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী, পিজিএনএস প্রকল্প, পিজিসিবি, ঢাকা
- ০৩। পুলিশ সুপার, কক্সবাজার
- ০৪। মেয়র, পৌরসভা, কক্সবাজার
- ০৫। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, , কক্সবাজার
- ০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার। তাঁকে এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ
- ১০। কাউন্সিলর, নম্বর ওয়ার্ড, পৌরসভা
- ১১। জমির মালিক (সংশ্লিষ্ট সকল).....
- ১২। দপ্তর নথি।

০৯/১০/২০২৩
মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
কক্সবাজার